গ্রন্থাগারের বই পড়ি
আলোকিত মানুষ গড়ি

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
## রাজশাহী।

Publiclibrary.rajshahidiv.gov.bd/user

নং-৪৩.২৬.৫০০০.০০১.১৮.০০১.১৭.১০৩৩ তারিখ : ২৯/০৭/২০১৯ খ্রি.

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে পাঠক সমাবেশ ও লাল চাচক্র ২৯.০৭.২০১৯ তারিখ রোজ সোমবার বেলা ১১.৩০টায় রাজশাহী বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক জনাব মোঃ আবু সাইদ এর সভাপতিত্বে শিশু পাঠকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় পাঠক সাধারণ উপস্থিত ছিলেন (পরিশিষ্ট-ক)।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য-সচিব, সভাপতির অনুমোদনক্রমে গণগ্রন্থাগার ব্যবহারে পাঠক সাধারণ কি কি সমস্যা সন্মুখীন হচ্ছেন সেই সাথে উদ্ভাবনিমূলক কোন পরামর্শ থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। পাঠক সাধারণের সঙ্গে লাইব্রেরি সম্পর্কিত বিস্তারিত আলোচনা-পর্যালোচনার পর শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | চাহিদা/কার্যসমূহ | বাস্তবায়ন সম্পর্কিত তথ্য | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | লাইব্রেরিতে প্রবেশের সময় পুরুষ- মহিলা একসাথে ঢুকাতে গিয়ে সমস্যার সৃষ্টি হতে দেখা যায়। | সকাল ১০.০০টায় লাইব্রেরি খোলার সময় পুরুষ-মহিলা পৃথক দুই লাইনে সারিবদ্ধ ভাবে শৃঙ্খলার সাথে পাঠকক্ষে প্রবেশ করতে হবে। | পুরুষ মহিলা পৃথক দুই লাইনে সারিবদ্ধভাবে শৃঙ্খলার সাথে পাঠকক্ষে প্রবেশ করবে। | সাধারণ পাঠকক্ষ |
| ০২. | পাঠক অনুসারে জব কর্নারের বই আরো বৃদ্ধি করা প্রয়োজন। | প্রতি বছরের ন্যায় এবারো বরাদ্দ সংকুলান সাপেক্ষে জবের বই পাঠকদের চাহিদা অনুসারে ক্রয় করা হয়েছে। | বরাদ্দ বৃদ্ধি পেলে পাঠকদের চাহিদা মাফিক জবের বই ক্রয় করা হবে। | রেফারেন্স শাখা |
| ০৩. | লেটেস্ট এডিশনের এনসাইক্লোপিডিয়া সংগ্রহ করা প্রয়োজন। | কেন্দ্রিয় ভাবে প্রতি বছর ঢাকায় বই ক্রয় করা হয়। প্রস্তাব ঢাকায় প্রেরণ করা হবে। | ঢাকায় লেটেস্ট এডিশনের এনসাইক্লোপিডিয়া ক্রয়ের জন্য পুস্তক তালিকা প্রেরণ করা হবে। | রেফারেন্স শাখা |
| ০৪. | সাধারন পাঠকক্ষে ডাস্টবিনের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। | সাধারন পাঠকক্ষে ডাস্টবিনের সংখ্যা বৃদ্ধি করতে হবে। | সাধারন পাঠকক্ষে ডাস্টবিনের সংখ্যা বৃদ্ধি জরুরি প্রয়োজন | সাধারণ পাঠকক্ষ |
| ০৫. | একজন পাঠক একাধিক সিট দখল করলে অন্যান্য পাঠকদের বসার ব্যবস্থা থাকে না। | একজন পাঠক একাধিক সিট সংরক্ষণ করতে দেয়া যাবে না। | একজন পাঠক একটি সিট ব্যবহার করবেন। | সাধারণ পাঠকক্ষ |
| ০৬. | পাঠকক্ষে নিরাবতা পালন করা। | পাঠকক্ষে নিরাবতা পালনে সচেষ্ট হওয়া আবশ্যক। | পাঠকক্ষে নিরাবতা পালনের প্রতি নজর দেওয়া। | সাধারণ পাঠকক্ষ |
| ০৭. | টয়লেটের সংখ্যা বৃদ্ধি করন। | টয়লেটের সংখ্যা বৃদ্ধি করনের জন্য ইতি মধ্যে গণপূর্তকে পত্র দেওয়া হয়েছে। | টয়লেটের সংখ্যা বৃদ্ধি করনের চেষ্টা অব্যহত আছে। | প্রশাসন শাখা |
| ০৮. | টয়লেটে ঝুড়ির ব্যবস্থা করন। | পুরুষ ও মহিলা উভয় টয়লেটে ঝুড়ি ব্যবহার করা প্রয়োজন। | পুরুষ ও মহিলা উভয় টয়লেটে ঝুড়ি ব্যবহারের ব্যবস্থা নেওয়া হবে। | সাধারণ পাঠকক্ষ |
| ০৯. | টয়লেটের ছিটকিনি লাগানোর ব্যবস্থা করন। | যে টয়লেটের ছিটকিনি নাই তা লাগানোর ব্যবস্থা করতে হবে। | টয়লেটের ছিটকিনি জরুরি লাগানোর ব্যবস্থা করা। | সাধারণ পাঠকক্ষ |
| ১০. | একটি টয়লেট বিভিন্ন আবর্জনা জমে লাইনটি এমুহুর্তে প্রায় বন্ধ হয়ে আছে। জরুরি ভাবে লাইনটি সংস্কার করতে হবে। | জরুরি লাইনটি সংস্কার করা না হলে পাঠক পরিবেশ বিঘ্নিত হবে। | এক সপ্তাহের মধ্যে লাইনটি সংস্কার করতে হবে। | প্রশাসন শাখা |
| ১১. | পাঠকক্ষে সিলিং ফ্যানে কিছু সমস্যা দেখা দিয়েছে। প্রচন্ড গরমে একটানা চলমান এবং ১৯৮২ সালের সংযোজিত ফ্যান তাই মাঝে মধ্যে ফ্যানগুলি ত্রুটি দেখা দেয়। | পাঠকক্ষের ত্রুটিপূর্ণ ফ্যানগুলো জরুরি মেরামতের প্রয়োজন। বাজেট প্রাপ্তির সাথে সাথে ফ্যান ও প্রয়োজনীয় লাইট মেরামত ও সংস্কার করা হবে। | ফ্যান - লাইট মেরামত ও প্রয়োজনে স্থানান্তর অতি আবশ্যক। | প্রশাসন শাখা |
| ১২. | প্রত্যহ টয়লেট পরিষ্কার পরিচ্ছন্ন করন এবং পর্যাপ্ত পানির ব্যবহার করতে হবে। | সাধারণ পাঠকক্ষের টয়লেট নিয়মিত পরিষ্কার করা এবং পাঠক সাধারন টয়লেট ব্যবহারের শেষে পর্যাপ্ত পানি ব্যবহার করতে হবে। | বাথরুম/টয়লেট নিয়মিতভাবে পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখা আবশ্যক। | সাধারণ পাঠকক্ষ |

২৯.৭.১৯

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
রাজশাহী।
ফোন :০৭২১-৭৭২৬৩৪
rajshahidpl@gmail.com

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

জরুরি কাযার্থে

০১. জনাব মোঃ জাকির হোসেন, রেফারেন্স সহকারি, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।
০২. জনাব মোঃ সোহরাব আলী, প্রশাসন শাখা, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।
০৩. জনাব মোঃ শামীম খান, পাঠকক্ষ সহকারি, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী।